# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৩০৭

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩৭. তৃতীয় অনুচ্ছেদ - রমাযান মাসের ক্বিয়াম (তারাবীহ সালাত)

### আরবী

وَرَوَاهُ أَحْمَدُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو بْنِ الْعَاصِ وَفِي رِوَايَته: «إِلَّا اثْنَيْنِ مُشَاحِنٍ وَقَاتل نفس»

### বাংলা

১৩০৭-[১৩] ইমাম আহমাদ (রহঃ) এ হাদীসটি ’আবদুল্লাহ ইবনু ’আমর ইবনুল ’আস (রাঃ) থেকে বর্ণনা করেছেন। তাঁদের এক বর্ণনায় এ বাক্যটি আছে যে, কিন্তু দু’ লোকঃ ’হিংসা পোষণকারী ও আত্মহত্যাকারী ব্যতীত আল্লাহ তার সকল সৃষ্টিকে মাফ করে দেন)।[1]

### ফুটনোট

[1] হাসান : আহমাদ ৬৬৪২, যদিও সানাদে বর্ণনাকারী ‘আবদুল্লাহ ইবনু লিহ্ইয়া এবং হাই ইবনু ‘আবদুল্লাহ দুর্বল হওয়ায়-এর সানাদটি দুর্বল, কিন্তু এর শাহিদমূলক বর্ণনা থাকায় তা হাসানের স্তরে উন্নীত হয়েছে।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আহমাদ-এর অপর বর্ণনায় রয়েছে, (إِلَّا اثْنَيْنِ مُشَاحِنٍ) এ সম্পর্কে ‘আল্লামা আওযা‘ঈ (রহঃ) বলেনঃ মুশাহিন দ্বারা উদ্দেশ্য হলো বিদ্‘আতী এবং জামা‘আত বিচ্ছিন্নকারী। অর্থাৎ এ রাত্রিতে সকলকে ক্ষমা করা হবে শুধু দু’ব্যক্তি ব্যতীত। (১) মুশাহিন বা বিদ্‘আতী, (২) অন্যায়ভাবে নিজকে হত্যাকারী (আত্মহত্যাকারী)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55867

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন